



অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcraibd@yahoo.com
ফোন: ০২৫৮৮৮৫০৬৩০



স্মারক নং: ৩২৮

তারিখ: ০৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থীদের নিম্নলিখিত নিয়মাবলি মোতাবেক ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস 'রকেট'-এর মাধ্যমে ফি জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

★ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির ফরম জমাদান প্রক্রিয়া

ধাপ-১: <http://app1.nu.edu.bd/> এই লিংকে গিয়ে Applicant's Login করে Honors Admission Form এর PDF কপি ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে (স্টুডেন্ট কপি এবং কলেজ কপি)।

ধাপ-২: Admission form এর প্রিন্ট কপিতে Student's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী তার স্বাক্ষর ও তারিখ দিবে।

ধাপ-৩: নিউ গভঃ ডিগ্রী কলেজের ওয়েবসাইটে (<https://www.ngdc.ac.bd/>) প্রবেশ করে Online Admission মেনুতে গিয়ে Honors Admission লিংকে প্রবেশ করবে। Click Here আইকনে ক্লিক করে বক্সে Honors Admission Roll টাইপ করে Next করলে স্ক্রিনে একটি ফরম আসবে।

ধাপ-৪: ফরমে শিক্ষার্থী নিজের মতো একটি ৪ সংখ্যার Password দিবে এবং সকল তথ্য সঠিকভাবে পূরণ করবে, রকেট অ্যাপ এ প্রবেশ করে বিলার আইডি 244 তে Admission Roll রেফারেন্স হিসেবে প্রবেশ করে যে সাবজেক্টে ভর্তি হতে চায় তার ভর্তি ফি প্রদান করে, নিজের পাসপোর্ট সাইজ ছবি (file size less than 100kb) আপলোড করে Submit করতে হবে।

ধাপ-৫: সবকিছু ঠিক থাকলে শিক্ষার্থীর ফরমপূরণ সফলভাবে সম্পন্ন হয়েছে দেখাবে। এখানে একটি College Admission Form ও একটি Pay slip/Confirmation Slip ডাউনলোড করতে বলবে। College Admission Form ও Pay slip/Confirmation Slip ডাউনলোড করে প্রিন্ট (২ কপি) করতে হবে।

ধাপ-৬: শিক্ষার্থী নিজে কলেজে এসে ভর্তি কমিটি কর্তৃক সরবরাহকৃত সিলযুক্ত খামের উপর সকল তথ্য যথাযথভাবে পূরণ করে, নিম্নলিখিত কাগজপত্র (সত্যায়িত বাধ্যতামূলক নয়) ভর্তি কমিটির নিকট (ছাত্র কমনরুম) ১৯/০৩/২০২৪ খ্রি. থেকে ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টার মধ্যে জমা দিতে হবে।

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রাপ্ত চূড়ান্ত ভর্তি আবেদন ফরম এর প্রিন্ট কপি (কলেজ কপি এবং স্টুডেন্ট কপি);
 - নিউ গভঃ ডিগ্রী কলেজের ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণের পর প্রাপ্ত College Admission Form ও Pay slip/Confirmation Slip-এর প্রিন্ট কপি;
 - এসএসসি ও এইচএসসি (সমমান) পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও এর ১ সেট ফটোকপি;
 - সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ছবি;
 - শিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;
 - অভিভাবকের (পিতা ও মাতা) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
 - বীর মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানের সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তির সুযোগ প্রাপ্তদের কোটা সনদের মূলকপি প্রদর্শন করতে হবে ও এর ফটোকপি জমা দিতে হবে;
- ❖ ভবিষ্যৎ প্রয়োজনের জন্য মূল কাগজপত্র জমাদানের পূর্বে পর্যাপ্ত সংখ্যক ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে।

বিষয়ভিত্তিক টাকার পরিমাণ ও রকেটে পেমেন্টের নিয়ম:


ক্রমিক	অনার্স বিষয়	সর্বমোট টাকার পরিমাণ	রকেট পেমেন্টের নিয়ম
১.	বাংলা	৫৬৯৮/-	<ul style="list-style-type: none"> • রকেট অ্যাপস এ লগইন করতে হবে • এর পর বিল পে অপশনে প্রবেশ করতে হবে • সার্চ অপশনে বিলার আইডি/ কলেজের নাম টাইপ করতে হবে • New Govt. Degree College এর বিলার আইডি 244 • বিল নম্বর/রেফারেন্স নম্বর এর স্থলে শিক্ষার্থীর Admission Roll টাইপ করতে হবে • অন্যের একাউন্ট থেকে পেমেন্টের ক্ষেত্রে Other's option এ Beneficiary Mobile Number এ শিক্ষার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে • টাকার পরিমাণ টাইপ করতে হবে • পিন নম্বর দিয়ে সাবমিট করতে হবে • ট্রানজেকশন আইডি সহ এসএমএস সংরক্ষণ করতে হবে
২.	ইংরেজি	৫৬৯৮/-	
৩.	ইতিহাস	৫৬৯৮/-	
৪.	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৫৬৯৮/-	
৫.	রাষ্ট্রবিজ্ঞান	৫৬৯৮/-	
৬.	দর্শন	৫৬৯৮/-	
৭.	অর্থনীতি	৫৬৯৮/-	
৮.	হিসাববিজ্ঞান	৫৬৯৮/-	
৯.	ব্যবস্থাপনা	৫৬৯৮/-	
১০.	পদার্থবিজ্ঞান	৬৪৩৮/-	
১১.	রসায়ন	৬৪৭৮/-	
১২.	উদ্ভিদবিজ্ঞান	৬৩৯৮/-	
১৩.	প্রাণিবিদ্যা	৬৩৪৮/-	
১৪.	গণিত	৬৪৪৮/-	
১৫.	ভূগোল ও পরিবেশবিদ্যা	৬৪৮৮/-	

বি: দ্র: ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions কলেজ ওয়েবসাইট www.ngdc.ac.bd কলেজের অফিসিয়াল ফেসবুক পেজ www.facebook.com/ngdcofficial থেকে জানা যাবে।



অধ্যক্ষ

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী



মুহাঃ আব্দুর রশীদ

আহবায়ক

১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৩-২৪

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী